

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির মার্চ-২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হাবিবুর রহমান, যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখ : ২৮/০৩/২০১৯ খ্রিঃ।


সময় : ১০:০০ ঘটিকা

স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট 'ক'।


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে নৈতিকতা উপকমিটির বিগত ০৩/০৩/২০১৮ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জনবল মঞ্জুরি	জনবল মঞ্জুরির প্রস্তাবসমূহ অধিকতর পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ করে জনবল মঞ্জুরির কাজ সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
২.	নিয়োগবিধি সংশোধন	নিয়োগ বিধিমালার বিদ্যমান সমস্যাবলী চিহ্নিত করে পর্যায়ক্রমে সংশোধনের প্রস্তাব প্রেরণ এবং পূর্ণাঙ্গ নিয়োগ বিধিমালা সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	এসএসও শাহজাহান শিকদার
৩.	অর্গানোগ্রাম সংশোধন	অর্গানোগ্রাম হালনাগাদকরণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (অ্যাডমিনিস্ট্রেশন)
৪.	ই-সার্ভিস চালুকরণ	অনলাইনে পরীক্ষামূলকভাবে চালুকৃত ফায়ার সেফটি প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে পূর্ণাঙ্গ চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ডিএডি (ফায়ার সেফটি সেল)
৫.	পরিদর্শন, লাইসেন্স ও মাশুল আদায় বৃদ্ধি	প্রত্যেক দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ওয়ারহাউজ ও ওয়ার্কশপ পরিদর্শন, ফায়ার লাইসেন্স ও মাশুল আদায়সহ অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ডিডি ও এডি (ওঃ ফাঃ প্রিঃ) (সংশ্লিষ্ট)
৬.	ই-ফাইলিং কার্যক্রম	নির্ধারিত সময়ের মধ্যে ই-ফাইলিং এর লক্ষ্যমাত্রা অর্জন করতে সকলকে আরো সচেষ্ট হতে হবে। ই-ফাইলিং কার্যক্রম জোরদারকরণে নীতি নির্ধারণী বিষয়, বড় অংকের আর্থিক সংশ্লেষ আছে এমন বিষয়, তদন্ত কার্যক্রম ও ক্রয় কার্যক্রম সংক্রান্ত বিষয় ব্যতীত সকল নথি ই-ফাইলিংয়ে নিষ্পন্ন করতে হবে।	উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
৭.	অব্যবহৃত/ অকেজো যানবাহনসহ অন্যান্য মালামাল নিষ্পত্তিকরণ	দপ্তরসমূহের অব্যবহৃত/ অকেজো যানবাহনসহ অন্যান্য মালামাল বিদ্যমান নীতিমালা অনুযায়ী কেন্দ্রীয় ক্রয় ও স্টোর এবং কেন্দ্রীয় কারিগরি কারখানার সাথে সমন্বয়পূর্বক নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ডিডি ও এডি (সংশ্লিষ্ট)
৮.	স্বাবর ও অস্বাবর সম্পত্তির হালনাগাদকরণ	আওতাধীন দপ্তর/স্টেশনের স্বাবর ও অস্বাবর সম্পত্তি ০৩/০২/২০১৯ এর পূর্বে নামজারিসহ হালনাগাদকরণের বাধ্যবাধকতায় কিছু দপ্তরের সম্পত্তির তালিকা হালনাগাদ করা হয়েছে। অবশিষ্ট দপ্তরসমূহের নামজারিকরণে ডিএডি এর নিচে নয় এমন পর্যায় হতে স্বশরীরে সংশ্লিষ্ট সংস্থায় যোগাযোগ অব্যাহত রেখে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে। তাছাড়া স্বাবর ও অস্বাবর সম্পত্তির হালনাগাদ তথ্যাদি সংরক্ষণের জন্য চাহিত তথ্যাদি আগামী ১৬/০৪/২০১৯ এর মধ্যে বই আকারে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ডিডি ও এডি (সংশ্লিষ্ট সকল)
৯.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার পরিবীক্ষণ জোরদারকরণ	প্রত্যেক দপ্তরের ২০১৮-২০১৯ অর্ধবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী যেসব লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, সে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে। সে লক্ষ্যে প্রতিমাসে প্রত্যেক দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার সার্বিক বিষয় নিয়মিত পরিবীক্ষণ করতে হবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল ও ওঃ ফাঃ ইন্সঃ হিরন



১০.	প্রকল্পভুক্ত স্টেশনগুলোর নির্মাণ কাজ সম্পন্নকরণ	২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রকল্পভুক্ত স্টেশনগুলোতে পরিদর্শন এবং মনিটরিং কার্যক্রম বৃদ্ধিপূর্বক নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ১৫৬/২৫ ও ডিডি (পরিঃ ও কোষ)
১১.	পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সূচাবুভাবে সম্পন্নকরণের জন্য অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন করে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
১২.	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপপরিচালক (পরিঃ ও কোষ)
১৩.	ওয়েবসাইট হালনাগাদকরণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে সংযোজিত বিভিন্ন তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ রাখতে হবে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে লিংক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (উন্নয়ন)
১৪.	কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা/ প্রশিক্ষণ প্রদান	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ সকল প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল; কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি; ইনোভেশন; বেস্ট প্রেকটিস; নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচার্য বিধিমালা- ১৯৭৯; সচিবালয় নির্দেশমালা- ২০১৪; তথ্য অধিকার আইন- ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন- ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা-২০১৭ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১৫.	নথির শ্রেণিবিন্যাস করণ	সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সকল শাখার নথিসমূহের শ্রেণিবিন্যাস করে লিখিতভাবে অবগত করণের নির্দেশনায় কিছু শাখা হতে প্রতিবেদন পাওয়া গেছে, কিছু দপ্তর হতে অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি। অবশিষ্ট শাখার নথিসমূহের শ্রেণিবিন্যাস করে আগামী ১০/০৪/২০১৯ তারিখের মধ্যে সহকারী পরিচালক প্রশাসন ও অর্থকে লিখিতভাবে অবগত করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অধিদপ্তরের সকল শাখা,

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অধিন্ত সকলের অবগতি ও বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ হাবিবুর রহমান
মুদ্রসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭-৬০৬৫(১০)

তারিখঃ ০২ এপ্রিল ২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (অপাঃ ও মেইনঃ/ পঃউঃপ্রঃ/ প্রকল্প-২৫/ প্রকল্প-১৫৬/ মডার্নাইজেশন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/ অপাঃ ও মেইনঃ/ পরিঃ ও কোষ/ এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ ক্রয় ও স্টোর/ ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/ অপাঃ ও মেইনঃ/ প্রশিক্ষণ/ পরিকল্পনা/ উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ----- (সকল)।
৮. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]
৯. উপসহকারী পরিচালক, (রিফর্ম সেল/ ফায়ার সেফটি সেল/ ওঃ হাঃ ও প্রিঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা-১/২/৩/৪/৫/৬।
১১. আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।
১২. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ----- শাখা (সকল), ঢাকা।


শামীম আছসান চৌধুরী
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)